

ANTORJATIK PATHSALA

ISSN 2230-9594

চিন্তাভাবনার সপ্তসিন্ধু দশদিগন্ত এখন বাংলা ভাষায়

আন্তর্জাতিক পাঠশালা

জুলাই-ডিসেম্বর ২০২২



সাহিত্যযাপন

A Non-conventional Multi-disciplinary Quarterly Journal in Bengali Language
A Peer-Reviewed Journal

ANTORJATIK PATHSALA

Vol XI : Issue III & IV : July-December, 2022

স্বত্ব : 'পাঠশালা প্রোডাকসন্স'-এর পক্ষে কপোতাক্ষী সুর

সর্বস্বত্ব সংরক্ষিত

প্রকাশক এবং স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া এই পত্রিকার কোনো অংশেরই কোনো রূপ পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না এবং কোনো যান্ত্রিক উপায়ের (গ্রাফিক, ইলেকট্রনিক বা অন্য কোনো মাধ্যম, যেমন ফটোকপি, ডিস্ক, টেপ, পারফোরেটেড মিডিয়া বা পুনরুদ্ধারের সুযোগ সংবলিত তথ্য-সঞ্চয় করে রাখার কোনো পদ্ধতি) মাধ্যমেও প্রতিলিপি করা যাবে না। এই পত্রিকায় প্রকাশিত যে কোনো লেখা অন্যত্র বই আকারে প্রকাশ করতে হলে লেখকদেরও স্বত্বাধিকারী বা প্রকাশকের লিখিত অনুমতি নেওয়া বাধ্যতামূলক। এই শর্ত লঙ্ঘিত হলে উপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

সম্পাদকমণ্ডলী

গৌতম মুখোপাধ্যায়, ভাস্বতী দাস, দীপেন্দ্রনাথ দাস, রাখী মিত্র এবং সঞ্জিতা বসু

সম্পাদকীয় দপ্তর

ব্লক-৪, ৫সি, রিয়া মানভারি গ্রীনস্, ডোমজুড়, হাওড়া-৭১১ ৪০৫

যোগাযোগ

চলভাষ : ৯০০৭৬৭৪১২৩/৯৪৩৩১-৪৬৪৮০

বৈদ্যুতিন ডাক : antorjaticpathsala@gmail.com

ফেসবুক : antorjaticpathsala

ওয়েবসাইট : <http://www.antorjaticpathsala.com>

প্রচ্ছদ, নামাঙ্কন ও অঙ্গসজ্জা : শুভেন্দু দাশমুঙ্গী

অঙ্করবিন্যাস ও মুদ্রণ : সুরত সরকার

'পাঠশালা প্রোডাকসন্স'-এর পক্ষে অমিত রায় কর্তৃক শ্যামা প্রেস, ৩৫/ই, কৈলাস বোস স্ট্রিট, কলকাতা-৭০০ ০০৬ থেকে মুদ্রিত ও
দি টলি রেসিডেন্সি, ফ্ল্যাট ৩বি, ৩৩৮, এন. এস. সি. বোস রোড, কলকাতা-৭০০ ০৪৭ থেকে প্রকাশিত।

ISSN 2230 - 9594

মূল্য : চারশত টাকা ; সডাক : পাঁচশত টাকা

সূ চি প ত্র

সম্পাদকীয়

ব্যক্তিত্ব

অমিত রায়

মহারাজ তোমাতে সেলাম ৯

র বীন্দ্র চর্চা

সুম্নাত দাশ

রবীন্দ্রনাথের ইতালি সফরের প্রতিক্রিয়া ও কবির ফ্যাসিস্ট-বিরোধিতা ২৪

বিশ্ব সাহিত্য চর্চা

তৃণাঞ্জন চক্রবর্তী

ফ্রঁসিস পৌঁজের কবিতা : বস্তুর শব্দরূপ, শব্দের বস্তুরতি ৩৪

নৃত্য চর্চা

মহানন্দা কাঞ্জিলাল

শাস্ত্রীয় নৃত্য ও ধর্মীয় অনুসঙ্গ ৪৩

সাহিত্য চর্চা

সুনেত্রী ব্যানার্জী

নীহাররঞ্জন গুপ্তের কিরীটী রায় : বুদ্ধি ও মুষ্টির মেলবন্ধন ৪৬

বিশ্ব সাহিত্য চর্চা

সরসী দত্ত

আলোক দিশারী দস্তয়েভস্কি ৫৪

বিশ্ব সাহিত্য চর্চা

রমিত হালদার

জীবনের উপলক্ষিতে শোলোখভের মানবতাবাদ ৫৯

অর্থনীতি চর্চা


বিভাস সাহা

আয় ও সম্পদ বৈষম্য ৬৩

সা হি ত্য চ চা

নীহাররঞ্জন গুপ্তের কিরীটি রায় : বুদ্ধি ও মুষ্টির মেলবন্ধন

জনপ্রিয় গোয়েন্দাগল্পের এক বিখ্যাত চরিত্রের ওপর গভীর আলোকপাত এই রচনা। কিরীটি রায়ের চরিত্রগত ক্ষিপ্ততা, প্রত্যাৎপন্নমতিত্বের পরিচয়ের সন্ধানে নামলেন সুনেন্দ্রা ব্যানার্জী।



অপরাধ যেমন আদিম প্রবৃত্তিজাত, তেমন তাকে প্রতিরোধের চেষ্টাও সুপ্রাচীন। সভ্যতার ইতিহাসে নিয়ম ভেঙে যখনই অপরাধ ঘটেছে তখনই মানুষের শুভ চৈতন্য তার প্রতিরোধে অগ্রসর হয়েছে। সেই প্রতিরোধ কখনও গড়ে উঠেছে ধর্মীয় অনুশাসনে, আবার কখনও সামাজিক সংস্কারে বা কখনও রাষ্ট্রশক্তির তৎপরতায়। রাষ্ট্র অপরাধীকে চিহ্নিত করে শাস্তিদানের মাধ্যমে প্রতিরোধ গড়ে তোলার চেষ্টা করেছে। অপরাধীকে সনাক্তকরণ ও শাস্তিদানের জন্যই পুলিশি ও গোয়েন্দা ব্যবস্থা গড়ে উঠেছে। পুলিশ বা গোয়েন্দা রহস্য উদঘাটনের মাধ্যমে অপরাধীকে সনাক্ত করেন। এইভাবে

অপরাধ ও অপরাধ দমনের কাটাকুটিতে গোয়েন্দা গল্প তৈরি হয়। গল্প শোনার আগ্রহ মানুষের চিরন্তন। আর এই অপরাধ বা অপরাধীকে অন্বেষণের চরিত্রই এমন যা গল্পের কাঠামোকে আগাগোড়া টানটান রাখতে সক্ষম। তাই অপরাধের কাহিনিও জন্ম লগ্ন থেকেই জনপ্রিয়তার শীর্ষে থেকেছে।

প্রাচীনকালে গোয়েন্দা কাহিনি লেখা না হলেও সমাজ যে অপরাধ মুক্ত ছিল না তার পরিচয় যেমন আমাদের বেদে কুকুরী সরমার গল্পে আছে, তেমনই আছে বাইবেলের ওল্ড টেস্টামেন্টের 'বেল অফ দ্য ড্রাগন' বা দানিয়েলের কাহিনিতে। এমনকি আমাদের মহাকাব্য অর্থাৎ রামায়ণ,